

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/16/2019

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

গভর্নর কুওমো তামাক ও ই-সিগারেট বিক্রয়ের জন্য ক্রেতার বয়স 18 থেকে 21 বছরে বাড়ানোর আইনে স্বাক্ষর করেন

**তামাক ও ই-সিগারেট পণ্য থেকে স্বাস্থ্যের হুমকি মোকাবেলা করার জন্য গভর্নরের ব্যাপক প্রচেষ্টার ভিত্তিস্বরূপ**

**গভর্নর কুওমো: "ধূমপানের বয়স 18 থেকে 21 বছরে বাড়িয়ে, আমরা সিগারেট ও ই-সিগারেটগুলোকে প্রথমত তরুণদের হাতে চলে আসা বন্ধ করতে পারি এবং নিউইয়র্কবাসীর পুরো প্রজন্মকে ব্যয়বহুল ও সম্ভাব্য মারাত্মক আসক্তির হাত থেকে রক্ষা করতে পারি।"**

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ তামাক ও ইলেকট্রনিক সিগারেট পণ্যগুলো বিক্রয়ের ন্যূনতম বয়স 18 থেকে 21 বছর পর্যন্ত বাড়ানোর আইনে (S.2833/A.558) স্বাক্ষর করেন। এই আইনটি তামাক ও ই-সিগারেট পণ্য থেকে স্বাস্থ্যের হুমকি মোকাবেলা করার জন্য গভর্নরের ব্যাপক প্রচেষ্টার ভিত্তিস্বরূপ। বিলটি আইনে পরিণত হওয়ার 120 দিনের মধ্যে কার্যকর হবে।

"নিউইয়র্ক কিশোর-কিশোরীদের মধ্যে ধূমপান বন্ধের জন্য কঠোর পদক্ষেপ গ্রহণ করছে, তবে তামাক ও ই-সিগারেট ব্যবহার এখনো অবিরত আছে, এর কারণ তরুণদের লক্ষ্য করে চালানো বেপরোয়া কর্পোরেট মার্কেটিং এর প্রচারাভিযানগুলো", **গভর্নর কুওমো বলেন।** "ধূমপানের বয়স 18 থেকে 21 বছরে বাড়িয়ে, আমরা সিগারেট ও ই-সিগারেটগুলোকে প্রথমত তরুণদের হাতে চলে আসা বন্ধ করতে পারি এবং নিউইয়র্কবাসীর পুরো প্রজন্মকে ব্যয়বহুল ও সম্ভাব্য মারাত্মক আসক্তির হাত থেকে রক্ষা করতে পারি।"

**সেনেট সংখ্যাগরিষ্ঠ নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স বলেন,** "তামাক ব্যবহার নিউ ইয়র্কবাসীদের জন্য ক্ষতিকর এবং তা ক্যান্সার, বড় ধরনের স্বাস্থ্য সমস্যা ও মৃত্যু নিয়ে আসতে পারে। ক্রয়ের ন্যূনতম বয়স 21 বছরে বাড়ানোর ফলে তা অল্প সংখ্যক শিশু এই প্রাণঘাতী অভ্যাসটি শুরু করার বিষয়টি নিশ্চিত করতে সাহায্য করবে। এই আইনটির পৃষ্ঠপোষকতা এবং নিউইয়র্কবাসীদেরকে আজীবনের আসক্তি ও স্বাস্থ্য সমস্যা থেকে বাঁচাতে সাহায্য করার জন্য সেনেটের ডায়ান স্যাভিনোকে সাধুবাদ জানাই।"

**অ্যাসেম্বলি স্পিকার কার্ল হিস্টি বলেন,** "নিউইয়র্ক স্টেটের তরুণদের স্বাস্থ্য ও সুস্থতা রক্ষার জন্য অ্যাসেম্বলির সংখ্যাগরিষ্ঠরা প্রতিশ্রুতিবদ্ধ। কিন্তু অনেক বেশি শিশু আসক্তিকর ও ঝুঁকিপূর্ণ সিগারেট ও ই-সিগারেট ব্যবহার করছে। বিলের পৃষ্ঠপোষক অ্যাসেম্বলি সদস্য লিন্ডা রোজেন্বালের কঠোর

পরিশ্রমের জন্য ধন্যবাদ, এই আইনটি তামাকজাত পণ্যগুলোকে আমাদের স্কুলগুলো থেকে দূরে রেখে এবং আমাদের তরুণদের স্বাস্থ্য, বর্তমান ও ভবিষ্যৎ উন্নত করতে সাহায্য করার মাধ্যমে এসব পণ্য সেবনের আইনানুগ বয়স বাড়াবে।"

**সিনেটর ডায়ান স্যাভিনো বলেন,** "আজ এই গুরুত্বপূর্ণ আইনে স্বাক্ষর করার জন্য গভর্নর কুওমোর প্রতি কৃতজ্ঞতা। একজন সাবেক ধূমপায়ী হিসেবে, আমি জানি এই পণ্যগুলো কতটুকু আসক্তিকর হতে পারে - কিন্তু একজন আইন-প্রণেতা হিসেবে, আমি এই সম্ভাব্য বিপজ্জনক পণ্যগুলো থেকে আমাদের তরুণদেরকে রক্ষা করার জন্য প্রতিটি পদক্ষেপ নেওয়ার সর্বজনীন সু-নীতি জানি।"

**অ্যাসেম্বলি সদস্য লিন্ডা বি. রোজেনহাল বলেন,** "বড় বড় তামাক ও এর বাষ্প শিল্প সহচরগুলো তরুণদেরকে নিকোটিনে আসক্ত রেখে তাদের ব্যবসা গড়ে তোলে। সমগ্র স্টেটে ধূমপান ও বাষ্পপানের ন্যূনতম বয়স 21 বছরে বৃদ্ধি নতুন প্রজন্মের তরুণদের নিকোটিন আসক্তি থেকে বাঁচাতে সাহায্য করবে। এটি আরো নিশ্চিত করবে যে তরুণরা ঝুঁকিপূর্ণ ও অত্যন্ত আসক্তিকর সিগারেট বা ই-সিগারেট ক্রয়ের জন্য অন্য কোনো দেশে ভ্রমণ করতে পারবে না। আমি গভর্নর কুওমোকে এই বিষয়ে তার অব্যাহত অংশীদারিত্বের জন্য ধন্যবাদ জানাই।"

গভর্নর কুওমোর নেতৃত্বে, নিউ ইয়র্ক স্টেট 2012 সালে দেশের সবচেয়ে স্বাস্থ্যকর স্টেটগুলোর মধ্যে 18 তম স্থান থেকে 2017 সালে সবচেয়ে স্বাস্থ্যকর স্টেটগুলোর মধ্যে 10ম স্থানে পৌঁছেছে। 2017 সালে, তামাকের ক্ষতিকর পরোক্ষ ধোঁয়া ও বাষ্পীয় অ্যারোসল থেকে কর্মী ও জনগণকে সুরক্ষিত রাখার জন্য প্রায় সব কর্মক্ষেত্রে ই-সিগারেট ব্যবহার নিষিদ্ধ করতে গভর্নর কুওমো ক্লিন ইনডোর এয়ার অ্যাক্ট (Clean Indoor Air Act) এর প্রসারণ করেছেন।

এই অগ্রগতি সত্ত্বেও, তামাকের ব্যবহার নিউ ইয়র্ক স্টেটে প্রতিরোধযোগ্য মৃত্যুর এক নম্বর কারণ হয়ে আছে। নিউ ইয়র্কবাসীদের প্রায় 28,000 জন প্রাপ্তবয়স্ক মানুষ প্রতি বছর ধূমপানের কারণে মারা যান। তাছাড়া, অল্প বয়সী তরুণদের কিছু ক্রমবর্ধমান সংখ্যা প্রচলিত সিগারেট ও ই-সিগারেট উভয়ই ব্যবহার করেন। 2014 থেকে 2018 সালে তরুণ ই-সিগারেট ব্যবহারকারীর সংখ্যা 10.5 শতাংশ থেকে 27.4 শতাংশে, অর্থাৎ 160 শতাংশ বৃদ্ধি পেয়েছে এবং অর্ধেকের চেয়েও বেশি কিশোর-কিশোরীরা এই ভুল বিশ্বাস করে যে ই-সিগারেটের ব্যবহার ক্ষতিকর নয়।

যেহেতু তামাক ব্যবহার তরুণ ও প্রাপ্তবয়স্কদের মধ্যে চলতেই থাকে, নিউইয়র্ক স্টেট তরুণ প্রাপ্তবয়স্কদের ধূমপান শুরু করতে বাধা দেয়া অব্যাহত রাখে। সার্জন জেনারেলের মতে, 88% প্রাপ্তবয়স্ক ধূমপায়ী 18 বছর বয়সের আগে তামাক ব্যবহার শুরু করেছে এবং যারা অল্পবয়সীদের জন্য সিগারেট কিনে তাদের 90% লোক 18 থেকে 20 বছর বয়সের মধ্যে। ক্রয়ের আইনানুগ বয়স 21 বছর বাড়ানোয়, এই আইনটি তরুণ প্রাপ্তবয়স্কদের ধূমপান শুরু করা ও আসক্ত হয়ে পড়ার সম্ভাবনা হ্রাসের মাধ্যমে নাবালক শিশুদেরকে তাদের বন্ধুদের কাছ থেকে তামাকজাত পণ্য প্রাপ্তি রোধে সাহায্য করবে এবং ফলস্বরূপ হাজার হাজার প্রাণ বাঁচাবে।

অতিরিক্ত তথ্য পেতে দেখুন [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)